

পুলিশ কি আপনার গাড়িটি নিয়ে গিয়েছে?

دليل إلى جلسة الاستماع الخاصة بك في
محكمة مكتب المحاكمات الإدارية وجلسات الاستماع OATH
100 Church Street, 12th Floor
New York, NY

CITY OF NEW YORK
OATH
OFFICE OF ADMINISTRATIVE TRIALS AND HEARINGS

আলোচ্য বিষয়সমূহের তালিকা

ওথ (OATH)-এ যেসব গাড়ি সংক্রান্ত মামলাসমূহ শোনা হয়েছে 2

আমার কি একজন আইনজীবির শরণাপন্ন হওয়া উচিত? 3

আমাকে কোথায় যেতে হবে? 4

সময়ে হাজির হওয়া 5

আপনার কি কোন দোভাষীর প্রয়োজন হবে? 5

একটি বৈঠক কাকে বলে? 6

একটি শুনানি কাকে বলে? 7

আইনি পরিষেবাসমূহ 12

আরও তথ্য 13

গুরুত্বপূর্ণ স্বত্বত্যাগ

এখানে যেসব তথ্য প্রকাশ করা হয়েছে তা আগ্রহী জনগণকে সহায়তা প্রদান করার উদ্দেশ্যে দেওয়া হয়েছে, এবং এগুলি কোন আইনি উপদেশ হিসেবে গ্রহণ করা যাবে না। এই তথ্যটির কোন আইনি অথবা নজিরগত গুরুত্ব নেই, এবং আইনি সূত্র (অথরিটি) বা নজির হিসেবে ওথ বা অন্য কোথাও তুলে ধরা যাবে না। এখানে প্রকাশিত তথ্য অক্ষরগতভাবে বা বিষয়গতভাবে নির্ভুল বা সঠিক সে ব্যাপারে কোন প্রতিনিধিত্ব বা ওয়ারেন্টি দেওয়া হচ্ছে না অথবা কোন সিদ্ধান্তও দেওয়া হচ্ছে না, এবং যেকোন অসত্যতা অথবা অপরিপূর্ণতার জন্য ওথ দায়ী হবে না। বিশেষ করে, এই ওয়েবসাইটে নিয়মাবলী, আইনকানুন, আদেশাবলী, সিদ্ধান্তসমূহ বা অন্যান্য আইনি উৎসগুলি নির্ভুলভাবে বা সঠিকভাবে বর্ণনা করা হয়েছে বলে কোন প্রতিনিধিত্ব বা ওয়ারেন্টি দেওয়া হচ্ছে না অথবা কোন সিদ্ধান্তও দেওয়া হচ্ছে না, এবং যেকোন অসত্যতা অথবা অপরিপূর্ণতার জন্য ওথ দায়ী হবে না। এখানে উল্লেখ করা যেকোন নিয়ম, আইনকানুন, আদেশ, সিদ্ধান্ত বা আইনি উৎসের বিষয়বস্তু সহ প্রযোজ্য বিষয়গত এবং পদ্ধতিগত আইন জানার জন্য ব্যবহারকারীরা যেন অবশ্যই কোনও স্বীকৃত আইনি উৎস ব্যবহার করেন।

ওথ (OATH)-এ যেসব গাড়ি সংক্রান্ত মামলাসমূহ শোনা হয়েছে:

যেকোন গ্রেপ্তারের পরে পুলিশ দ্বারা আটক গাড়ির মালিক এবং ড্রাইভারদের জন্য তথ্য

১। আপনার গাড়িটি যদি "বাজেয়াপ্ত" করা অথবা সরিয়ে নিয়ে যাওয়া হয়ে থাকে

আইনের অধীনে, যদি কোন গাড়ি কোন অপরাধ সংঘটনে ব্যবহার করা হয়ে থাকে, তবে পুলিশ দপ্তর তা "বাজেয়াপ্ত" করতে পারে এবং তারপর কোন এক নিউ ইয়র্ক কোর্টে বাজেয়াপ্তকরণ মকদ্দমা বলে পরিচিত আইনী প্রক্রিয়ার মাধ্যমে সেটির দখল পাওয়ার চেষ্টা করে। বাজেয়াপ্ত মকদ্দমা অনুষ্ঠিত হওয়ার জন্য অপেক্ষা করার সময়, পুলিশ বিভাগ দ্বারা গাড়ি দখল করে রাখার বিরুদ্ধে প্রতিবাদ জানাতে মালিক এবং ড্রাইভারদের একটি দ্রুত শুনানির অধিকার আছে। আপনার গাড়ি সাময়িকভাবে ফেরত পাওয়ার চেষ্টা করার জন্য আপনাকে বাজেয়াপ্ত মকদ্দমা শুরু হওয়া পর্যন্ত অপেক্ষা করার প্রয়োজন নেই। মাতাল অবস্থায় গাড়ি চালানো অথবা গাড়িতে মাদক বা বন্দুক খুঁজে পাওয়া সহ অন্যান্য অপরাধের জন্য যখন ড্রাইভারকে গ্রেপ্তার করা হয় তখন পুলিশ গাড়িটিকে আটক করতে পারে।

২। একটি শুনানির অধিকার

পুলিশ বিভাগ দ্বারা আটক করা একটি গাড়ির ড্রাইভার অথবা মালিক হিসেবে প্রশাসনিক বিচারকের দ্বারা ওথ-এ একটি শুনানির জন্য অনুরোধ করার অধিকার আপনার আছে যেখানে সেই বিচারক সিদ্ধান্ত নেবেন যে বাজেয়াপ্ত মামলা নিষ্পত্তি হওয়ার পূর্বে আপনি আপনার গাড়ি ফেরত পাবেন কিনা সেই ব্যাপারে।

- গ্রেপ্তার করার সময়ে পুলিশ বিভাগ ড্রাইভারকে অবশ্যই একটি শুনানির জন্য অনুরোধ ফর্ম প্রদান করবে। ফর্মটিকে বলে "একটি ধারণ শুনানি সম্পন্ন করার অধিকারের বিজ্ঞপ্তি (রাইট টু এ রিটনশন হিয়ারিং)।" এছাড়াও পুলিশ বিভাগকে অবশ্যই গাড়ির মালিকের কাছে ফর্মটির একটি প্রতিলিপি চিঠি মারফত পাঠাতে হবে।

- একটি শুনানি অনুরোধ করার জন্য, মালিক অথবা ড্রাইভারকে অবশ্যই ফর্মে তালিকাভুক্ত থাকা পুলিশ বিভাগের ঠিকানাতে শুনানি অনুরোধ ফর্মটি চিঠি মারফত পাঠাতে হবে, অথবা সকাল ৮:৩০ থেকে বিকেল ৩:৩০ এর মধ্যে তা জমা দিতে হবে। ফর্মটি ফ্যাক্স করা যাবে না।

- ড্রাইভার এবং গাড়ির মালিক উভয়েরই একটি শুনানি অনুরোধ করার অধিকার আছে, কিন্তু কেবল একটি শুনানিই পরিচালনা করা হবে।

৩। আপনি যদি একটি শুনানির জন্য অনুরোধ করেন

আপনার অনুরোধ গ্রহণ করার দিন থেকে পরবর্তী ২টি কর্ম দিবসের মধ্যে পুলিশ বিভাগ আপনাকে চিঠির মাধ্যমে শুনানির সময় ও তারিখ জানাবে। আপনার অনুরোধ পাওয়ার দিন থেকে পরবর্তী ১০টি কর্ম দিবসের মধ্যে শুনানিটি নির্ধারণ করতে হবে।

আমার কি একজন আইনজীবির শরণাপন্ন হওয়া উচিত?

ওথ-এর ব্যাপারে সাহায্য করার জন্য আপনাকে **একজন আইনজীবি** অথবা **একজন জ্ঞানসম্পন্ন প্রতিনিধির শরণাপন্ন হতে** আমরা আপনাকে উৎসাহিত করি। আপনার অধিকার আছে ওথ-এ একজন আইনজীবি অথবা প্রতিনিধির সঙ্গে হাজির হওয়ার।

- একজন আইনজীবি অথবা প্রতিনিধির সঙ্গে আপনি অবশ্যই আপনার নিজের মতো করে ব্যবস্থা করবেন। এর মানে তারা আপনার কাছে অর্থ দাবি করবে কিনা তা জিজ্ঞাসা করার দায়িত্ব আপনার। এছাড়াও আপনি আপনার ওথ শুনানি সম্বন্ধে যেকোনও নোটিস তাদেরকে দিতে ভুলবেন না।

- আপনার যদি কোনও অপরাধমূলক মামলা অমীমাংসিত থেকে থাকে, তবে এই শুনানি সম্বন্ধে আপনার অপরাধ বিষয়ক আইনজীবিকে অবগত করুন। ওথ শুনানিতে আপনি যা বলবেন তা পরবর্তীতে আপনার নামে অপরাধমূলক মামলাতে আপনার বিরুদ্ধে ব্যবহার করা হতে পারে।

আমাকে কোথায় যেতে হবে?



Office of Administrative Trials & Hearings
100 Church Street, 12th Floor
New York, NY 10007

টেলি#: **1-844-OATH-NYC**
(1-844-628-4692)

টেলি#: **(212) 933-3097**

ইমেল: oathcal@oath.nyc.gov

সময়ে হাজির হওয়া

- **যদি আমি দেরিতে আসি তখন কি হবে ?**

  আপনার শুনানির জন্য যথাসময়ে উপস্থিত হন। আপনি যদি দেরিতে আসেন, আপনার উপস্থিতি ব্যতীতই শুনানি সংঘটিত হতে পারে এবং আপনার বিরুদ্ধে যেকোন শাস্তিও আরোপ করা হতে পারে।

- **কিভাবে আমি সময়সূচি পুনঃনির্ধারণ করব ?**

  আপনি যদি কোন নির্ধারিত বৈঠক অথবা শুনানিতে হাজির হতে না পারেন, সেক্ষেত্রে যত শীঘ্র সম্ভব শুনানি বিজ্ঞপ্তিতে নাম উল্লেখ থাকা পুলিশ বিভাগের প্রতিনিধি এবং ওথ-এর সঙ্গে আপনাকে ফোনে কথা বলতে হবে অথবা তাদের ই-মেল করতে হবে। আপনি এবং পুলিশ বিভাগের উকিল উভয়কেই যেন অবশ্যই ফোনে পাওয়া যায়। আপনি যদি অন্য একটি তারিখে ওথ-এ আসতে পারেন সে ব্যাপারে বিচারককে বলতে পারেন।

আপনার কি কোনও দোভাষীর প্রয়োজন হবে?

আপনি যদি কোন **দোভাষীর** প্রয়োজন বোধ করেন, তবে সেরকম কোন একজনকে ওথ বিনামূল্যে জোগান দেবে। ওথ ফোনের মাধ্যমে দোভাষীর ব্যবহার করে থাকে। তাঁরা শুনানি কক্ষে একটি স্পিকার ফোনে কথা বলেন।

একটি বৈঠক কাকে বলে?

শুনানি শুরু হওয়ার পূর্বে, আপনার সঙ্গে একজন বিচারক এবং পুলিশ বিভাগের কোন একজন দেখা করবেন এটা দেখার জন্য যে মামলাটি মীমাংসাযোগ্য কিনা। এটিকে একটি **বৈঠক** বলে অভিহিত করা হয়।

- একজন আইনজীবি বা আপনার পছন্দের কোন প্রতিনিধির সঙ্গে অথবা তাদের ছাড়াই আপনি হাজির হতে পারেন।

- বৈঠকের বিচারক ওথ-এ কি ঘটে তা ব্যাখ্যা করবেন এবং আপনি এবং এন ওয়াই পি ডি আপনার মামলাটিকে কিভাবে মীমাংসা করতে পারেন তার উপায়গুলি নিয়ে আলোচনা করবেন।

- আপনি প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন।

- আপনি যদি চান তবে পুলিশ বিভাগের সঙ্গে একটি মীমাংসায় উপস্থিত হতে পারেন, তবে আপনাকে মীমাংসায় পৌঁছাতেই হবে এমনটি নয়। এটি আপনার ওপর নির্ভর করে। মীমাংসায় পৌঁছানো ঐচ্ছিক। আপনি এবং পুলিশ বিভাগ উভয় পক্ষ সম্মত হলেই একটি মীমাংসাতে পৌঁছানো সম্ভব। বিচারক উভয় পক্ষের সঙ্গেই এটা খুঁজতে কাজ করবেন যে এমন কোন শর্ত আছে কিনা যা আপনি এবং পুলিশ বিভাগ উভয়ের জন্যই গ্রহনযোগ্য হয়।

- সম্ভাব্য মীমাংসার শর্তগুলির **উদাহরণগুলি** হল: অর্থদণ্ড; সংরক্ষণাগার মাশুল; নেশার দ্রব্য অপব্যবহারের কোন প্রোগ্রামে অন্তর্ভুক্তি; অথবা গাড়ি ফেরত দেওয়া। এমন কোন নিশ্চয়তা নেই যে আপনি কোন সুনির্দিষ্ট মীমাংসা শর্তাবলী খুঁজে পাবেন। এইগুলি কেবল উদাহরণ মাত্র।

- আপনি যদি মীমাংসা না করে নেন, তবে আপনি আপনার শুনানি পেতে পারেন। আপনার একটি শুনানির অধিকার আছে।

একটি শুনানি কাকে বলে?

আমার শুনানির জন্য কিভাবে আমি প্রস্তুতি নেব?

- ✓ যদি আপনার মামলাটি বৈঠকে মীমাংসা না করা হয়, তবে আলাদা একজন বিচারক একটি শুনানি সম্পন্ন করবেন। শুনানিটি একটি আদালতের বিচারের মতই।

- ✓ যে সমস্ত নথিপত্র, সাক্ষী, অথবা অন্যান্য প্রমাণ যেগুলি আপনার মামলায় সাহায্য করবে বলে আপনি মনে করেন সেগুলি সঙ্গে আনুন।

- ✓ আপনি আপনার শুনানিতে আসার পূর্বে, আপনি এবং পুলিশ বিভাগ আপনারা একে অন্যকে আপনার মামলার নথিপত্রের জন্য জিজ্ঞাসা করতে পারেন – অর্থাৎ প্রত্যেক পক্ষ যে সমস্ত নথিপত্র বিচারককে দেখাবে। এই অনুরোধগুলিকে লিখিত আকারে হতে হবে।

- ✓ একজন আইনজীবি বা আপনার পছন্দের অন্য কোন প্রতিনিধির সঙ্গে অথবা তাদের ছাড়াই আপনি শুনানিতে হাজির হতে পারেন।

আমি কি আরও বেশি সময় পেতে পারি?

- আপনার যদি আরও বেশি সময়ের প্রয়োজন হয়, তবে আরও বেশি সময়ের জন্য বিচারককে জিজ্ঞাসা করার অধিকার আপনার আছে। এটিকে বলে **মুলতুবি**। আপনি যদি একজন উকিল অথবা প্রতিনিধি পেতে চান অথবা শুনানি বিলম্বিত করতে কোন ভাল কারণ থেকে থাকে তবে আপনি আরও বেশি সময়ের জন্য প্রার্থনা করতে পারেন।

- আপনাকে অন্য একদিন ফেরত আসতে হবে কি না সে ব্যাপারে বিচারক সিদ্ধান্ত নেবেন।

আমার শুনানির সময় কি ঘটবে?

✓ আপনি এবং পুলিশ বিভাগ উভয়ই **প্রারম্ভিক বিবৃতি** পেশ করতে পারেন। একটি প্রারম্ভিক বিবৃতি হচ্ছে আপনি কোনকিছু প্রমাণ করতে যা পরিকল্পনা করেন তার একটি সারসংক্ষেপ।

✓ তারপর পুলিশ বিভাগ প্রমাণ উপস্থাপন করবে, যা সাধারণত ড্রাইভারের গ্রেপ্তার সম্পর্কিত নথিপত্রসমূহ হয়ে থাকে। বিভাগকে আটককারী অফিসার অথবা অন্যান্য সাক্ষীদের হাজির করার দরকার নেই।

✓ গাড়িটি রাখতে পুলিশ বিভাগকে অবশ্যই তিন দফা বিষয় প্রমাণ করতে হবে। বিভাগকে অবশ্যই দেখাতে হবে যে প্রত্যেক দফা "না হওয়ার চেয়ে বেশি করে সম্ভাব্য।"

১। প্রথমত, গ্রেপ্তার করার জন্য "সম্ভাব্য কারণ" ছিল। এর অর্থ হচ্ছে যে গ্রেপ্তার করার জন্য পুলিশের কাছে একটি আইনি ভিত্তি ছিল।

২। দ্বিতীয়ত, আসন্ন অসামরিক বাজেয়াপ্তকরণ মকদ্দমায় পুলিশ বিভাগের জয় পাওয়ার সম্ভাবনা রয়েছে।

মালিক নিষ্কন্টক মালিকানার ব্যাপারে যুক্তি দেখাতে পারেন। সেটি ঘটে যখন মালিক বলেন যে তাকে নিজেকে আটক করা হয়নি এবং গাড়িটিকে যে অপরাধে ব্যবহার করা হবে তা তিনি জানতেন না অথবা তার জানার কোন কারণ ছিল না। পুলিশ বিভাগ এই দাবিটি প্রত্যাখ্যান করতে পারে এটা দেখিয়ে যে মালিক জানতেন অথবা তার জানা উচিত ছিল যে ড্রাইভার গাড়িটি একটি অপরাধের জন্য ব্যবহার করবে এবং/অথবা এটা দেখিয়ে যে সেই ড্রাইভারের সুবিধার জন্যই কেবল গাড়িটির মালিকানা অর্জিত হয়েছিল।

৩। তৃতীয়ত, বিভাগটি গাড়িটিকে রেখে দেওয়ার প্রয়োজনীয়তা দেখা দেওয়া। পুলিশ গাড়িটি রাখতে পারে যদি মুক্তি দিলে তা জনগণের নিরাপত্তা বিঘ্নের কারণ হয়।

- ✓ পুলিশ বিভাগ তাদের প্রমাণ উপস্থাপন করার পর, এবার আপনি আপনার প্রমাণ পেশ করতে এবং সাক্ষীদের ডাক দিতে সুযোগ পাবেন।
- ✓ আপনার অধিকার আছে সেই সমস্ত সাক্ষীদের প্রশ্ন জিজ্ঞাসা করার যাদেরকে বিভাগ কাঠগড়ায় দাঁড় করায়। এটির নাম **প্রতি-পরীক্ষা**।

  - এইগুলি হতে পারে সেই সমস্ত **মূখ্য** প্রশ্ন যেগুলো আপনি যা বলবেন তার পরিপ্রেক্ষিতে হ্যাঁ বা না-সূচক উত্তর দিতে সাক্ষীকে জিজ্ঞাসা করে। এই প্রশ্নগুলি যেভাবে শুরু হতে পারে তার উদাহরণ হচ্ছে "এটা কি সত্যি নয় যে .... ?" অথবা মূখ্য প্রশ্নসমূহ যে ধরনের শব্দের সঙ্গে শেষ হতে পারে তা হল, "... সেটি কি সঠিক নয়?" অথবা "..., ঠিক আছে?"

- ✓ আপনার সাক্ষীরা শপথের আওতায় থাকবেন। আপনি আপনার সাক্ষীদের কাছে কি ঘটেছিল সে সম্বন্ধে **সরাসরি** প্রশ্নও জিজ্ঞাসা করতে পারেন।

  - এইগুলি হচ্ছে মুক্ত প্রান্তের প্রশ্ন যেমন "কে, কি, কখন, কোথায়, কিভাবে? আপনি কি দেখেছেন? আপনি কি শুনেছেন? আপনি কি জানেন?

- ✓ আপনার প্রশ্ন করা শেষ হলে, পুলিশ বিভাগ তখন আপনার সাক্ষীদেরকে **প্রতি-পরীক্ষা** করতে পারেন।

আমার কি সত্যতার জন্য সাক্ষ্য দেওয়া উচিত?

- এটি আপনার ওপর নির্ভর করে। আপনি সত্যতা স্বীকার করে সাক্ষ্য দেবেন কিনা সে ব্যাপারে আপনাকে একটি কঠিন সিদ্ধান্ত নিতে হতে পারে।
- ওথ শুনানিতে সত্যতার জন্য আপনি সাক্ষ্য দেবেন কিনা সে সম্বন্ধে সিদ্ধান্তের ব্যাপারে একজন আইনজীবির সঙ্গে পরামর্শ করা সর্বোত্তম হবে।
- সংবিধানের পঞ্চম সংশোধনীর আওতায় সত্যতা স্বীকার করে সাক্ষ্য না দেওয়ার অধিকার আপনার আছে যদি আপনার স্বীকারোক্তির মাধ্যমে এটা দেখানোর প্রবণতা থাকে যে আপনি কোনও অপরাধের জন্য দোষী।
- কিন্তু আপনি যদি ওথ-এ সত্যতা সাক্ষ্য না দেওয়াটা বেছে নেন, ওথ বিচারক এটা ধরে নিতে পারেন যে আপনার নীরবতার অর্থ হচ্ছে আপনার সাক্ষ্যতা আপনার জন্য সুবিধাজনক হবে না—যার মানে হল পুলিশ বিভাগ যা বলেছে তাতে আপনি সম্মত আছেন।
- **যেকোনও সাক্ষ্যমূলক বিবৃতি যা আপনি ওথ-এ প্রদান করেন তা আপনার অপরাধমূলক মামলাতে আপনার বিরুদ্ধে ব্যবহার করা হতে পারে।**

- যদিও সত্যতা সাক্ষ্য দেওয়াতে আপনার অসম্মত হওয়ার বিষয়টিকে আপনার **অপরাধমূলক** মামলাতে আপনার বিরুদ্ধে ধরা হবে না, ওথ-এর শুনানি হচ্ছে আলাদা ধরনের। এইগুলি হচ্ছে ওথ-এ **অসামরিক**, প্রশাসনিক বিধিবদ্ধ কর্মকান্ড।

✓ আপনি যদি কোনও উকিল ছাড়াই উপস্থিত হন, এবং সত্যতার জন্য সাক্ষ্য প্রদান করেন, বিচারক আপনাকে শপথের অধীনে আপনার বক্তব্য প্রদান করতে বলবেন। বিভাগের আইনজীবি আপনাকে প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন।

✓ বিচারক আপনাকে অথবা যেকোন সাক্ষীকে প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন।

✓ পরিশেষে, উভয় পক্ষ্যই সমাপ্তি বক্তব্য পেশ করতে পারে। **সমাপ্তি বক্তব্য** হচ্ছে আপনি যেটা প্রমাণ করেছেন বলে আপনার মনে হয় সে সম্পর্কে একটি সারসংক্ষেপ। আপনি যে ফলাফল চান সে ব্যাপারে বিচারককে বলতে পারেন।

শুনানির পরে কি ঘটবে?

শুনানি শেষ হলে, ওথ বিচারক তিন কর্ম দিবসের মধ্যে একটি সিদ্ধান্ত প্রকাশ করবেন। এটি দেখতে হবে এই রকম:

Police Dep't v. John Doe
OATH Index No. 9999/08, mem. dec. (Feb. 24, 2011)

Due to failure to comply with the notice provisions of the *Krimstock* Order, petitioner failed to prove its entitlement to retain 1994 Volvo pending the outcome of a civil forfeiture proceeding. Vehicle ordered released.

NEW YORK CITY OFFICE OF ADMINISTRATIVE TRIALS AND HEARINGS

In the Matter of
POLICE DEPARTMENT
Petitioner
- against -
JOHN DOE
Respondents

MEMORANDUM DECISION

MONICA MASON, *Administrative Law Judge*

Petitioner, the Police Department ("Department"), brought this proceeding to determine its right to retain a vehicle seized as the alleged instrumentality of a crime pursuant to section 14-140 of the Administrative Code. Respondent John Doe is the owner of the vehicle (Pet. Ex. 6), which was seized following his arrest on January 24, 2011. This proceeding is mandated by *Krimstock v. Kelly*, 2007 U.S. Dist. LEXIS 82612 (S.D.N.Y. Sept. 27, 2007) ("the *Krimstock* Order"). *See generally Krimstock v. Kelly*, 306 F.3d 40 (2d Cir. 2002); *County of Nassau v. Canavan*, 1 N.Y.3d 134 (2003).

The vehicle at issue is a 1994 black Volvo sedan, Property Clerk Voucher No. 2000012345, which the Department seized following Mr. Doe's arrest for driving while intoxicated (Pet. Exs. 1, 2, 5). Veh. & Traffic Law §§ 1192(2); 1192(2-a)(a), 1192(3), and 1192 (1) (Lexis 2012) (Pet. Ex. 3). The Department received the demand for the hearing on February 8, 2011, and trial was scheduled for February 21, 2011 (Pet. Ex. 7). The Department relied on documentary evidence and upon testimony from respondent. Respondent testified on his own behalf. For the reasons set forth below, I find that the Department is not entitled to retain the vehicle.

- সিদ্ধান্তের একটি প্রতিলিপি আপনি চিঠির মাধ্যমে পাবেন।
- বিচারকের সিদ্ধান্ত ইন্টারনেটেও প্রকাশ করা হয়।
- বিচারক যদি গাড়িটি মুক্তির আদেশ দেন, তবে গাড়িটি খোঁয়াড় (পন্ড) থেকে ফেরত পেতে মালিককে অবশ্যই পুলিশ বিভাগের সম্পত্তি বিষয়ক সহকারী (প্রপার্টি ক্লার্ক)-এর সঙ্গে ব্যবস্থা করে নিতে হবে।
- পরাজিত দল ওথ-এর সিদ্ধান্তের পুনর্বিচার প্রার্থনা করে স্টেট সুপ্রিম কোর্টে আবেদন করতে পারেন।

আইনি পরিষেবাসমূহ

কোনও অর্থ ছাড়াই অথবা নামমাত্র পারিশ্রমিকে আপনার মামলাটি লড়বেন এমন একজন আইনজীবি খুঁজে পেতে আপনি আপনার স্থানীয় বার অ্যাসোসিয়েশন অথবা আইনি পরিষেবা প্রদানকারীদের সঙ্গে যোগাযোগ করতে পারেন। আপনি নিচের নম্বরগুলিতে ফোন করার চেষ্টা করতে পারেন:

আইনি সহায়তা সমাজ (লিগ্যাল এইড সোসাইটি)– 212-577-3300

আইনি সহায়তা সমাজ (লিগ্যাল এইড সোসাইটি) নিম্ন-উপার্জনকারী ক্লায়েন্টেদের বিনামূল্যে আইনি পরিষেবা প্রদান করে থাকে। আইনি সহায়তা সমাজের সঙ্গে যোগাযোগ করতে হলে, আপনি ২১২-৫৭৭-৩৩৯৮ নম্বরে ফোন করতে পারেন।

আইনি পরিষেবা সংগঠনগুলির এই আংশিক তালিকাটি জনসাধারণের সুবিধার্থে দেওয়া হল।

ওথ আইনি উপদেশ দেয় না এবং কোন বিশেষ উকিল বা সংস্থার জন্য সুপারিশ করে না।

আরও তথ্য

ওথ সম্বন্ধে আরও তথ্য জানতে এবং মামলার আইন ও নিয়মকানুনসমূহ দেখতে পরিদর্শন করুন: http://www.nyc.gov/html/oath/html/home/home.shtml

ওথ-এর সিদ্ধান্তসমূহ বিনামূল্যে www.citylaw.org-তেও পাওয়া যাবে। প্রথম পৃষ্ঠার "CityAdmin Online Library"-এর থেকে শুরু করে লিঙ্কগুলি অনুসরণ করুন। তারপর "ওথ,"-এ ক্লিক করুন এবং মামলাসমূহ খুঁজে পেতে যেসব শব্দ আপনি অনুসন্ধান করতে চান তা প্রবেশ করাতে স্ক্রোল করে নিচে যান।

এছাড়াও, এই শুনানিগুলির সম্বন্ধে আরও তথ্য জানতে আপনি কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটও পরিদর্শন করতে পারেন, যেখানে আপনি পদ্ধতিটি কিভাবে কাজ করে সে ব্যাপারে বিচারপতিদের ব্যাখ্যার ভিডিও দেখতে পারেন। এটি দেখতে এখানে ক্লিক করুন: http://www.law.columbia.edu/vehicleseizure